

ডিপার্টমেন্ট অব কারেন্সি ম্যানেজমেন্ট এন্ড পেমেন্ট সিস্টেমস
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা

ডিসিএমপিএস সাকুলার নং — ০৭/২০১০

তারিখ : ২৬ জুলাই, ২০১০
১১ শ্রাবন, ১৪১৭

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্রিয়ারিং হাউসের অন্তর্গত ব্যাংক শাখাসমূহ হতে MICR যুক্ত ইন্সট্রুমেন্ট ইস্যু করা প্রসঙ্গে।

বাংলাদেশ অটোমেটেড ক্রিয়ারিং হাউস বাস্তবায়নের নিমিত্তে ব্যাংকসমূহ ইতোমধ্যে ঢাকা ক্রিয়ারিং হাউসের আওতাভুক্ত শাখাসমূহে MICR যুক্ত ক্রিয়ারিং ইন্সট্রুমেন্ট ইস্যু সম্পন্ন করেছে। এরই ধারাবাহিকতায় বিগত ৩১ মে, ২০১০ হতে ঢাকা ক্রিয়ারিং হাউসে কোন Non-MICR ইন্সট্রুমেন্ট গ্রহণ করা হচ্ছে না। ঢাকা ক্রিয়ারিং হাউসের আনুষ্ঠানিক কার্যক্রম শুরুর পর-পরই পর্যায়ক্রমে দেশব্যাপী অটোমেটেড ক্রিয়ারিং ব্যবস্থা চালু করা হবে। কিছু সংখ্যক ব্যাংক ইতোমধ্যেই তাদের সকল শাখা হতে MICR যুক্ত ক্রিয়ারিং হাউস ইন্সট্রুমেন্ট বিতরণ শুরু করলেও অধিকাংশ ব্যাংকই ঢাকা ক্রিয়ারিং হাউসের বাহিরে এখনো Non-MICR ইন্সট্রুমেন্ট ইস্যু করছে। এফনে, অবিলম্বে সকল জেলা শহরসহ ক্রিয়ারিং হাউসের আওতাভুক্ত ব্যাংক শাখাসমূহ হতে MICR যুক্ত ক্রিয়ারিং হাউস ইন্সট্রুমেন্ট ইস্যু করা প্রয়োজন।

এমতাবস্থায়, বাংলাদেশ অটোমেটেড ক্রিয়ারিং হাউস এর সুষ্ঠু বাস্তবায়নের স্বার্থে আগামী ১৯ আগস্ট ২০১০ হতে জেলা শহরসহ ক্রিয়ারিং হাউসের আওতাভুক্ত তফসিলী ব্যাংকের সকল শাখা হতে একযোগে MICR যুক্ত ইন্সট্রুমেন্ট ইস্যু করা, ৩১ অক্টোবর, ২০১০ এর মধ্যে সংশ্লিষ্ট এলাকার গ্রাহকদের নিকট হতে Non-MICR ইন্সট্রুমেন্ট সমূহ Phase Out করা এবং ১ নভেম্বর, ২০১০ হতে দেশের কোন নিকাশ ঘরেই Non-MICR ইন্সট্রুমেন্ট উপস্থাপন বা গ্রহণ না করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। বিষয়টির যথাযথ বাস্তবায়নের জন্য স্ব স্ব ব্যাংকের শাখা সমূহকে নির্দেশনা প্রদান এবং শাখার গ্রাহকদের বিষয়টি অবগত করার ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বাক্ষরিত

(জিন্নাতুল বাকেয়া)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৭১২০৩৭২